২০ বছর পর আরিচা-কাজীরহাটে ফেরি সার্ভিস চালু

দীর্ঘ ২০ বছর বন্ধ থাকার পর শনিবার আরিচা-কাজিরহাট নৌরুটে বহুকাঙ্ক্ষিত ফেরি সার্ভিস চালু হয়েছে।

সকাল সাড়ে ১০টার দিকে নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী আনুষ্ঠানিকভাবে এই ফেরি সার্ভিসের উদ্বোধন করেন। এসময় অনুষ্ঠানে ছিলেন মানিকগঞ্জ-১ আসনের সংসদ সদস্য এএম নাঈমুর রহমান দুর্জয়।

এর আগে গত ৩ ফেব্রুয়ারি এই রুটে একটি ফেরি পরীক্ষামূলকভাবে চলাচল শুরু করে।

ফেরিঘাট চালুর খবরে খুশি যমুনা নদীর দুই প্রান্তের লাখো মানুষ। ফেরি চলাচল শুরুর মধ্য দিয়ে ফের ব্যবসা বাণিজ্যসহ অন্যান্য বিষয়ের উন্নয়ন হবে বলে ধারণা এলাকাবাসীর।

ঘাট কর্তৃপক্ষ জানায়, আরিচা-কাজিরহাট নৌরুটে ফেরি চলাচল শুরু করতে যমুনা নদীতে নতুন করে চ্যানেল তৈরিতে ১২ লাখ ঘন-মিটার বালু ড্রেজিংয়ের মাধ্যমে অপসারণ করা হয়েছে। দুপারের ঘাট-পন্টুন নির্মাণ, বিকন বাতি, মার্কিং বাতিসহ আনুসাঙ্গিক অবকাঠামো উন্নয়নে সরকারের এখন পর্যন্ত ব্যয় হয়েছে ১৪ কোটি টাকা।

মানবিক করোনাযোদ্ধা কুষ্টিয়ার আসাদুল ইসলাম

বৈশ্বিক মহামারী করোনাভাইরাস সংক্রমণের শুরু থেকে পজিটিভ রোগীদের সেবা দিয়ে করোনার বিরুদ্ধে প্রত্যক্ষভাবে লড়াই করে যাওয়া এক যুবকের নাম মো. আসাদুল ইসলাম।

কুষ্টিয়ায় গড়ে ওঠা বেসরকারি স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র ‘সনো

হসপিটাল’র সিনিয়র ব্রাদার পোস্ট হিসেবে দীর্ঘ ৭ বছর ধরে দায়িত্ব পালন করছেন তিনি।

আসাদুল ইসলাম করোনাকালীন সময়ে বিভিন্ন জায়গায় করোনা রোগীদের চিকিৎসা ওষধ পথ্য সেবা দিয়ে এসেছেন। চিকিৎসকের নির্দেশে এসব রোগীদের সেবা সুশ্রুষার জন্য এ পর্যন্ত ৭৫ জন রোগীদের সেবা দিয়েছেন তিনি। তারা সবাই সুস্থ হয়ে উঠেছেন।

এ কাজে মৃত্যুর ঝুঁকি আছে, তারপরেও তিনি ঝাঁপিয়ে পড়েছেন মানুষের সেবায়। এখন পর্যন্ত সেবা দিয়ে যাচ্ছেন তিনি।

তিনি বলেন, আমি মানুষের সেবায় কাজ করে আসছি দীর্ঘদিন ধরে। কিন্তু এই করোনাকালীন সময়ে করোনা পজিটিভ মানুষকে সেবা করার মতো কঠিনতম কাজও আমি করেছি। আর এই কাজের অনুপ্রেরণা জুগিয়েছিলো কুষ্টিয়া জেনারেল হাসপাতালের কার্ডিয়াক বিভাগের চিকিৎসক ডা. নাসিমুল বারী বাপ্পী ও কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মেডিসিন বিভাগের জ্যেষ্ঠ মেডিসিন বিশেষজ্ঞ এসএম মুসা কবির। কোন কিছু পাওয়ার আশায় নয়, একেবারেই মানবিকতার বোধ থেকে আমি তাদের পাশে ছিলাম। সুস্থ করার জন্য দায়িত্ব পালন করেছি। তাদের সেবা করার চেষ্টা করেছি এবং ভবিষ্যতেও সেবা করবো।

সরাসরি করোনা রোগীর সেবার ব্যাপারে তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, করোনায় আক্রান্ত হলে মানুষ যে কতটা অসহায় হয়ে পড়ে তার নির্মম উদাহরণ ছিলাম আমি। আমার নিজেরও করোনা হয়েছিলো। তখন আমার প্রতিবেশী আমার সাথে খুব খারাপ আচরণ করেন। সেসময় আমি ছাদে পোষাক নাড়তে গেলে আমাকে নিষেধ করা হতো। আমাকে বন্দী থাকতে বলা হতো।

পরে আমি সুস্থ হয়ে এই করোনা রোগীদের সেবায় নিজেকে নিয়োজিত করলাম। কুষ্টিয়ার অনেক করোনায় আক্রান্ত অসুস্থ রোগীর বাসায় গিয়ে হোম সার্ভিস দিতাম। রোগীদেরে বাসায় গিয়ে দেখভাল করা, ওষধ খাওয়ানো, অক্সিজেন দেওয়া, অক্সিমিটার দিয়ে অক্সিজের মাপা, তাপমাত্রা মাপা, খাবার দেওয়া, শরীরে ইনজেকশন পুশ করাসহ সার্বিক খোঁজখবর নেওয়া দায়িত্ব ছিলো আমার।

এসব দায়িত্ব পালন করতে গিয়ে দেখতাম সেসব করোনা রোগীরা কত অসহায়। পরিবার পরিজনরা কাছে আসতে চায় না। দূরে দূরে থাকে। খাবার দিতে চায় না। ওয়ান টাইম প্লেটে ও গ্লাসে পানি পান করতে দিতো তাদের। এসব আমাকে কষ্ট দেয়। আমি মানুষ হয়ে যদি মানুষের উপকারে না আসি তাহলে কিসের মানুষ?-যোগ করেন।

করোনায় আক্রান্ত হয়ে সুস্থ হয়ে ওঠে কুষ্টিয়া শহরের ব্যবাসায়ী বাবু অজয় সুরেকা বলেন, করোনার সময়ে মানুষের চিকিৎসা সেবা দিতে ভয় পাচ্ছিলেন অনেক চিকিৎসক। সেখানে আসাদুল সত্যি তার মানবিকতার পরিচয় দিয়েছে। আমি নিজেও আক্রান্ত ছিলাম। খুব ভয় পেয়েছিলাম সেসময়। তিনিই আমার পাশে এসেছিলেন। আমার ওষধ থেকে শুরু করে চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী আমাকে সেবা সহযোগিতা করেছে। এতে করে তার কোন বিশেষ চাহিদাও ছিলো না।

নারী বাতায়নের সভাপতি সাফিনা আনজুম জনী বলেন, আমরা করোনাকালীন সময়ে ফাইন্ড এ ফরচুন ও নারী বাতায়ন সংগঠনের মাধ্যমে আমাদের কার্যক্রম করতে গিয়েও করোনা রোগীদের সেবার জন্য এই আসাদুল ইসলামের সবর উপস্থিতি দেখতে পেয়েছি। তিনি নিজেই ছুটে গেছেন জেলা শহরের বিভিন্ন এলাকায় করোনার রোগীদের বাড়ি বাড়ি সেবা করার জন্য। সত্যি সে মানবিক কাজ করেছেন।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মেডিসিন বিভাগের জ্যেষ্ঠ মেডিসিন বিশেষজ্ঞ এসএম মুসা কবির বলেন, সত্যি আসাদুল ইসলাম ব্রাদার হলেও তিনি এ করোনাকালীন সময়ে অনেক রোগীকে সেবা করেছেন।

‘ডিজিটাল নিরাপত্তা আইন মানুষকে ডিজিটাল নিরাপত্তা দেওয়ার জন্য’

কারাগারে লেখক মুশতাক আহমেদের মৃত্যুকে অনভিপ্রেত হিসাবে উল্লেখ করেছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন, আমি তার মৃত্যুতে শোক প্রকাশ করছি। সেখানে কারা কর্তৃপক্ষের কোনো গাফিলতি ছিল কি না- সেটা খুঁজে দেখা যেতে পারে।
শুক্রবার বিকালে চট্টগ্রাম নগরীর দেওয়ানজি পুকুরপাড় নিজ বাসভবনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।
মুশতাক আহমেদের মৃত্যু প্রসঙ্গে তথ্যমন্ত্রী বলেন, ডিজিটাল নিরাপত্তা আইনের অপব্যবহার যাতে না হয় সেটির জন্য আমরা সচেতন

আছি, বিশেষত সাংবাদিকদের বিরুদ্ধে যাতে এই আইনের অপব্যবহার না হয়, সেজন্য তথ্য মন্ত্রণালয় ও আমি ব্যক্তিগতভাবে সবসময় সচেতন আছি এবং কোনোখানে এ ধরনের ঘটনা ঘটলে খোঁজখবর নিয়ে ব্যবস্থাও গ্রহণ করা হয়, বলেন তথ্যমন্ত্রী।
সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মন্ত্রী বলেন, ডিজিটাল নিরাপত্তা আইন হচ্ছে বাংলাদেশের সব মানুষকে ডিজিটাল নিরাপত্তা দেওয়ার জন্য। ডিজিটাল বিষয়টা আজ থেকে ১০-১৫ বছর আগে ছিল না, সুতরাং ডিজিটাল নিরাপত্তার বিষয়টিও ছিল না। সামাজিক যোগাযোগমাধ্যমসহ অনলাইনে যখন একজন সাংবাদিকের চরিত্র হনন করা হয়, একজন গৃহিণীকে যখন অপবাদ দেওয়া হয়, একজন সাধারণ মানুষ যখন ডিজিটাল আক্রমণের শিকার হন, তিনি কোন আইনে প্রতিকার পাবেন, তখন কোন আইনের বলে সে নিরাপত্তা পাবে, সেজন্য একটা আইনের দরকার। এ জন্যই ডিজিটাল নিরাপত্তা আইন। উল্লেখ্য, গত বৃহস্পতিবার (২৫ ফেব্রুয়ারি) সন্ধ্যায় গাজীপুরের কাশিমপুর কারাগারের ভেতরেই মুশতাক হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। পরে তাকে কারা হাসপাতালে নেওয়া হয়। সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য তাকে গাজীপুর শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক রাত ৮টা ২০ মিনিটে তাকে মৃত ঘোষণা করেন। মুশতাক নারায়ণগঞ্জের আড়াইহাজার থানার ছোট বালাপুর এলাকার মো. আবদুর রাজ্জাকের ছেলে। ঢাকা মেট্রোপলিটনের রমনা মডেল থানার ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় গত বছরের ৬ মে ঢাকা জেলে এবং পরে ২৪ আগস্ট থেকে তিনি কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগারে বন্দি ছিলেন। সূত্র: যুগান্তর

মেহেরপুরের হিজুলী গ্রামে কৃষকের ধান কেটে বিনষ্ট

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের হিজুলী গ্রামে কৃষকের এক বিঘা জমির ধান কেটে বিনষ্ট করেছে প্রতিপক্ষ।
গত বৃহস্পতিবার দিনগত রাত্রে হিজুলী গ্রামের মৃত ইছাহক সর্দারের ছেলে মহসীন আলী ও মোজ্জেম হোসেন নামের দুই ভাইয়ের এক বিঘা জমির ধান কেটে দিয়েছে তাদের প্রতিপক্ষরা। জানা যায়, উক্ত জমি নিয়ে ক্ষতিগ্রস্তের ফুফাতো ভগ্নিপতি হযরত আলীর সাথে দীর্ঘদিন যাবত

একটি মামলা প্রক্রিয়াধীন আছে আদালতে। আদালতের অনুমতি নিয়েই উক্ত জমিতে ধান চাষ করেন মহসীন আলী ও মোজ্জেম হোসেন।
ক্ষতি গ্রস্ত জমির মালিক মহাসিন আলী বলেন গতকাল রাত্রে হযরত আলী ও তার ছেলেরা মিলে তাদের এক বিঘা জমির গাছ কেটে বিনষ্ট করেছে। এ ব্যাপারে মেহেরপুর সদর থানায় মামলা করেছে ক্ষতি গ্রস্তরা।

আলমডাঙ্গায় মোটরসাইকেল শোডাউন ও পথসভা

আলমডাঙ্গায় আসন্ন ইউনিয়ন পরিষদের নির্বাচনে আলমডাঙ্গা কালিদাসপুর ইউনিয়নের চেয়ারম্যান প্রার্থী আব্দুল্লাহ আল হোসাইন দিপকের পক্ষে মোটরসাইকেল শোডাউন ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেল ৪ টার দিকে ইউনিয়নের কালিদাসপুর সাদাব্রিজ প্রাঙ্গণ হতে মোটরসাইকেল শোডাউন ও পথসভা বের হয়। কালিদাসপুর ইউনিয়নের বিভিন্ন গ্রাম প্রদক্ষিণ করে কালিদাসপুর ব্রিজ প্রাঙ্গণে পথসভা করেন।

পথসভায় চেয়ারম্যান প্রার্থী আব্দুল্লাহ আল হোসাঈন দিপক বলেন, এলাকার উন্নয়নের স্বার্থে গতিশীল নেতৃত্ব প্রয়োজন।

এলাকাবাসীকে নতুন নেতৃত্ব খুঁজে নিতে হবে। জনগণের স্বার্থে কাজ করার ঐতিহ্য থাকতে হবে। আগামী নির্বাচনে আপনাদের ভোটের মাধ্যমে আমাকে নির্বাচিত করে আপনাদের সেবা করার সুযোগ দিন। পরে সাদাব্রিজ মোড়ে থেকে কালিদাসপুর ইউনিয়ন কৃষকলীগের সভাপতি রবিউল বিশ্বাস ও সম্পাদক আব্দুস সালামের নেতৃত্বে পথসভা শেষে মোটরসাইকেল শোডাউন বের হয়। আসাননগর, নওদাপাড়া, চরশ্রীরামপুর, জগন্নাথপুর, শ্রীরামপুর, ডম্বলপুর, রেল-জগন্নাথপুর, বলরামপুর, পাইকপাড়া, পারকুলা, মোনাকষা ঘুরে কালিদাপুর এসে শেষ হয়। এ মোটরসাইকেল শোডাউনে উপস্থিত ছিলেন বিশিষ্ঠ ব্যবসায়ী আব্দুল্লাহ আল আরিফ রুপক, ইউনিয়ন আওয়ামী লীগ নেতা আমজাদ হোসেন, সাবেক মেম্বার নজরুল ইসলাম, জিয়া, ইয়ানুর, মানিক, কামাল, লিটন আলী, সোহেল, টিটো, রিফাত, শিপন, জমি, জুয়েল, তপু, সাকিল প্রমুখ।

ঝিনাইদহ পাবলিকিয়ান এসোসিয়েশনের প্রথম মিলনমেলা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান

ঝিনাইদহ পাবলিকিয়ান এসোসিয়েশনের প্রথম মিলনমেলা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়েশা কনভেনশন সেন্টার গিলাবাড়িয়া, হরিণাকুণ্ডু রোড ঝিনাইদহে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সহযোগিতায় ছিলো রেডিয়েন্ট ফার্মাসিটিক্যাল লিমিটেড।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. প্রভাষ কুমার কর্মকার, প্রফেসর পরিসংখ্যান বিভাগ ও সাবেক প্রশাসক জনসংযোগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি, প্রধান আলোচক ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জননেতা আলহাজ্ব সাইদুল করিম মিন্টু, মেয়র ঝিনাইদহ পৌরসভা।
জেলা প্রসাশক ঝিনাইদহ জনাব সরোজ কুমার নাথ এ অনুষ্ঠানের উদ্বোধন করেন।
প্রধান আলোচক সাইদুল করিম মিন্টু অনুষ্ঠানে বলেন সকল শিক্ষার্থীকে চাকরি দেওয়া হবে। যে শিক্ষার্থী বিজ্ঞান বিভাগ থেকে পাস করে আসবে তাকে রেডিয়েন্ট ফার্মাসিটিক্যাল লিমিটেডে চাকরি দেওয়া হবে। সকল বিভাগের ছাত্র ছাত্রীদেরকে সব ধরনের চাকরির অ্যাপ্লিকেশন করতে বলেন, চাকরির জন্য সকল প্রকারের সাহায্য ছাত্রছাত্রীরা পাবে।
সাংস্কৃতি অনুষ্ঠানের মধ্য দিয়ে অনুষ্ঠানটি সমাপ্ত করা হয়।

কুষ্টিয়ায় ২কেজি গাঁজাসহ মাদক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চ্যাম্পিয়ন হয় মোক্তারপুর মাঝপাড়া একাদশ।
টুর্নামেন্ট কমিটির সভাপতি মো: জাফিরুল
মাস্টারের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক ও দামুড়হুদা সদর ইউপি নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী হযরত আলি, দামুড়হুদা মডেল থানার এসআই তৌহিদুর রহমান। এ সময় অতিথি ছিলেন মোক্তারপুর নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক বখতিয়ার হোসেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের ৮◌ং ওয়াড সভাপতি সুলতান আহম্মেদ, সাধারণ সম্পাদক সাইদুর রহমান টোকন, দৈনিক মাথাভাঙ্গার সাংবাদিক এমআই মিরাজ প্রমখুখ। টুর্নামেন্টে ম্যান অব দ্যা ম্যাচ ও সিরিজ নির্বাচিত হন মোক্তারপুর মাঝপাড়া একাদশের জিকু। খেলায় আম্পেয়ারের দায়িত্বে ছিলেন জুয়েল রানা বাবু ও শহিদুল্লাহ, ধারাভাষ্যে ছিলেন আব্দুল আলিম, মিজানুর রহমান, স্কোরে আব্দার ও আবু ছালে, উপস্থাপনায় ছিলেন আব্দুল আল মামুন, খেলাটির সার্বিক সহযোগীতায় ছিলেন আ: ছামাদ, আ: গনি, স্বপন, মতি, হাকিম, মনির, সজিব, হারুন ছোটনসহ শত শত খেলা প্রেমী।

রাজশাহীতে শেষ হলো তাবলীগী ইজতেমা

আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশের উদ্যোগে রাজশাহীতে দুই দিনব্যাপী তাবলীগী ইজতেমা অনুষ্ঠিত হয়েছে।
রাজশাহী মহানগরীর নওদাপাড়া ট্রাক টার্মিনালে ৩১তম বার্ষিক এই তাবলীগী ইজতেমার আয়োজন করা হয়।
গত বৃহস্পতিবার শুরু হওয়া এই তাবলীগী ইজতেমায় দেশের বিভিন্ন প্রান্ত থেকে বিপুল সংখ্যক ধর্মপ্রাণ মুসল্লী অংশ নেন। ইজতেমায় আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় নেতৃবৃন্দ ও খ্যাতনামা ওয়ামায়ে কেমারগণ বক্তৃতা করেন।

শেষ দিন গতকাল শুক্রবার ইজতেমায় আগত মুসল্লিদের সাথে জুমার নামাজ আদায় করেন রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন। নামাজ শেষে তিনি তাবলীগী ইজতেমায় বক্তব্য দেন।
এ সময় আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশের আমীর প্রফেসর ড. মুহাম্মদ আসাদুল্লাহ আল গালিব, সেক্রেটারি প্রফেসর মাওলানা নূরুল ইসলাম, আহলেহাদীছ যুবসংঘের সভাপতি ড. আহমাদ আব্দুল্লাহ প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মিনি নাইট ক্রিকেট টুর্নামেন্ট’র উদ্বোধন

মেহেরপুরে মার্সেল কর্তিক আয়োজিত মিনি নাইট ক্রিকেট টুর্নামেন্ট এর উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর পৌর ঈদগাহ পাড়ায় ৭ নং ওয়ার্ড কাউন্সিলর নুরুল আসরাফ রাজিব এ খেলার উদ্বোধন করেন।
এ সময় তিনি বলেন পড়াশোনার পাশাপাশি খেলাধুলা মানুষের শরীর ও মনকে সতেজ রাখে। শরীর ভালো থাকলে মন আর মন ভালো থাকলে জীবনে নতুন উদ্যোমে সবকিছুই ভালো লাগে। খেলা হচ্ছে সেই ভালো থাকার খোরাক। খেলা শিক্ষার্থীদের মনজগতে আনন্দ উদ্দীপনার খোরাক হিসেবে কাজ করবে বলে মনে করি এবং সেই সাথে খেলাধুলোর ভিতরে যদি সকলে থাকে তবে মাদক থেকে মুক্ত থাকবে যুব সমাজ।

এ সময় আরও উপস্থিত ছিলেন, বড় বাজার ব্যবসায়ী কমিটির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, মেহেদি হাসান সাগর, তানিম আহম্মেদ, হাসান মেহেদি, অর্পনসহ ৪৮ টি টিমের অধিনায়কসহ খেলোয়াড়রা।
এ সময় অনুষ্টানটির সঞ্চালনায় ছিলেন শ্রী কৃশর।